



গাজীপুর সিটি কর্পোরেশন  
নগর ভবন  
প্রশাসন বিভাগ  
gcc.gov.bd


স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.৯৯.১৭৬.২২-২১৭৭

০৬ কার্তিক ১৪৩১  
তারিখঃ .....  
২২ অক্টোবর ২০২৪

বিষয়ঃ-মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনে কর্মরত বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশনের সম্মানিত নাগরিকবৃন্দের সেবা নিশ্চিত করার নিমিত্ত জনস্বার্থে সরকার নির্ধারিত প্রমাপ অনুসারে (সপ্তাহে কমপক্ষে দুইটি করে) মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করতে হবে। “মোবাইল কোর্ট আইন, ২০০৯” এর তফসিলভুক্ত আইনসমূহের মধ্যে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অনুসারে ক্ষমতাপ্রাপ্ত আইনসমূহ অনুযায়ী মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করতে হবে। ডেঙ্গু প্রতিরোধ, বাজার ব্যবস্থাপনা, ফুটপাথ দখল, জলাবদ্ধতা, অবৈধ পানির সংযোগ (প্রয়োজ্য ক্ষেত্রে), বকেয়া হোল্ডিং কর আদায়, লাইসেন্স নবায়ন প্রভৃতি বিষয় অগ্রাধিকার প্রদান করতে হবে। মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করে প্রতি সপ্তাহে সচিত্র প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
এ. বি. এম. এহসানুল মামুন  
(উপসচিব)  
সচিব (অতিঃ দাঃ)  
গাজীপুর সিটি কর্পোরেশন

বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)  
গাজীপুর সিটি কর্পোরেশন  
গাজীপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

০১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
০২. বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন।
০৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন।
০৪. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫. প্রশাসক এঁর একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), গাজীপুর সিটি কর্পোরেশন (প্রয়োজনীয় যানবাহন সরবরাহের অনুরোধসহ)।
০৮. জনাব .....
০৯. অফিস কপি।